

নিউ ইয়র্ক সিটি ও স্টেটের প্রধান তামাক আইনসমূহের বিবরণ

বয়সের প্রমাণ



- নিশ্চিত করুন যে যেসব গ্রাহকরা তামাকজাত দ্রব্য, ই-সিগারেট বা ভেপিং পণ্য বা অ-তামাকজাত ধূমপান পণ্য যেমন ভেসজ সিগারেট, তামাকবিহীন শিশা, পাইপ বা রোলিং পেপার চান তাদের বয়স যেন কমপক্ষে 21 বছর হয়। কোনো ক্রেতার বয়স যদি 30 বছরের কম বলে মনে হয়, তাহলে আপনার উচিত বয়সের গ্রহণযোগ্য প্রমাণ দেখতে চাওয়া।

নিবন্ধন ও লাইসেন্স করা



যে কোনো তামাকজাত দ্রব্য, ই-সিগারেট বা ভেসজ সিগারেট বিক্রির জন্য আপনার প্রয়োজন:

- নিউ ইয়র্ক সিটি (New York City, NYC) ভোক্তা ও কর্মী সুরক্ষা দপ্তর (Department of Consumer and Worker Protection, DCWP) এর থেকে পাওয়া একটি তামাক খুচরা বিক্রেতা লাইসেন্স বা ই-সিগারেট খুচরা বিক্রেতা লাইসেন্স (বা উভয়ই)। আরো জানতে, nyc.gov/dcwp ভিজিট করুন এবং "tobacco lottery" (তামাক লটারি) লিখে অনুসন্ধান করুন।
- নিউ ইয়র্ক স্টেট (New York State, NYS) শুল্ক ও রাজস্ব বিভাগের কাছ থেকে পাওয়া বৈধ নিবন্ধনসমূহ। আরো জানতে, tax.ny.gov ভিজিট করুন এবং "tobacco" (তামাক) বা "vapor products" (ভেপার পণ্য) লিখে অনুসন্ধান করুন।

আপনি 311 নম্বরে ফোন করে লাইসেন্স ছাড়া তামাক বা ই-সিগারেট বিক্রি করছে এমন দোকানসমূহের কথা জানাতে পারেন।

পণ্যসমূহ ও প্যাকেজিং



- তামাক খুচরা বিক্রেতার শুমাত্র সেই তামাকজাত দ্রব্যগুলো বিক্রি করতে পারবেন যা স্বাদহীন বা তামাক-, মেন্ডল-, পুদিনা- বা উইন্টারগ্রিন-ফ্লেভারযুক্ত।
- ই-সিগারেট বিক্রেতার শুমাত্র সেইসব ই-সিগারেট বা ই-তরল (ই-সিগারেটের সাথে ব্যবহৃত তরল, তাতে নিকোটিন থাকুক বা না থাকুক) বিক্রি করতে পারে যা তামাক-গন্ধযুক্ত বা স্বাদহীন।
- বিক্রেতাদের অবশ্যই ন্যূনতম প্রয়োজনীয় প্যাকেজের আকারের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রস্তুতকারকের প্যাকেজিংয়ে তামাকজাত পণ্য বিক্রি করতে হবে। একক সিগারেট বা একক ছোট সিগার ("লুজিস") বিক্রি করবেন না। বিভিন্ন তামাকজাত দ্রব্যের জন্য প্রয়োজনীয় প্যাকেজের আকার সম্পর্কে একটি বিস্তারিত চার্ট nyc.gov/health এ উপলব্ধ রয়েছে। "tobacco laws" (তামাক আইন) লিখে অনুসন্ধান করুন।
- খুচরা বিক্রেতার শুমাত্র একটি প্রস্তুতকারক বা লাইসেন্সপ্রাপ্ত পাইকারি বিক্রেতার কাছ থেকে সিগারেট এবং অন্যান্য তামাকজাত পণ্য ক্রয় করতে পারে।

বিজ্ঞপ্তি ও বিজ্ঞাপন



- বয়সের প্রমাণ সম্পর্কিত বিজ্ঞপ্তি, শুল্ক স্ট্যাম্প বিজ্ঞপ্তি ও ভেপার পণ্য সম্পর্কিত বিজ্ঞপ্তি (যদি আপনি ই-সিগারেট বিক্রি করেন) এমন জায়গায় লাগান যেখানে ক্রেতার সহজেই দেখতে পায়।
- যদি আপনার দোকানটি একটি স্কুলের 500 ফুটের মধ্যে হয়, তাহলে আপনি দোকানের সামনে এবং বাইরের দরজা এবং জানালায় তামাক এবং ভেপার দ্রব্য, ই-সিগারেট এবং আনুষঙ্গিক জিনিসপত্র সম্পর্কিত কোনো বিজ্ঞাপন পোস্ট করতে পারবেন না।

মূল্যনির্ধারণ ও শুল্ক



- বিক্রেতাদের অবশ্যই করসহ ন্যূনতম নির্ধারিত মূল্যে বা তার চেয়ে বেশি দামে সকল তামাকজাত দ্রব্য বিক্রি করতে হবে। আরো তথ্যের জন্য, nyc.gov/health এ যান এবং "tobacco laws" (তামাক আইন) লিখে অনুসন্ধান করুন।
- ভেপার পণ্যগুলিতে 20% সম্পূর্ণক বিক্রয় কর (সেই সাথে বিক্রয় কর) প্রয়োগ করুন।
- তামাক বা ভেপিং পণ্যের জন্য কুপন বা ডিসকাউন্ট দেবেন না বা গ্রহণ করবেন না।
- বৈধ NYC/NYS শুল্ক স্ট্যাম্প নেই এমন কোনো সিগারেটের প্যাকেট বিক্রি করবেন না, বিক্রি বা পরিবহনের প্রস্তাব দেবেন না।

বাড়তি বাধ্যবাধকতাসমূহ

- NYC-তে ব্যক্তিদের কাছে তামাক বা ই-সিগারেট পণ্য পৌঁছে দেবেন না।
- সমস্ত তামাকজাত দ্রব্য, শিশা, ভেসজ সিগারেট, এবং ই-সিগারেট এবং ভেপিং পণ্য কোনো কাউন্টারের পিছনে বা লক করা ক্যাবিনেটে রাখুন (শুমাত্র কর্মচারীদের প্রবেশাধিকার রয়েছে এমন এলাকায়)।
- 18 বছরের কম বয়সী কর্মচারীরা তামাকজাত দ্রব্য বিক্রি, বিতরণ বা পরিচালনা করতে পারবেন না এমন কোনো ব্যক্তির সরাসরি তত্ত্বাবধান ছাড়া যার বয়স কমপক্ষে 18 বছর এবং যিনি দোকানে উপস্থিত।
- দ্রষ্টব্য: তামাক এবং ই-সিগারেট-এর খুচরা বিক্রেতার প্রাপ্তবয়স্কদের ব্যবহারযোগ্য বা চিকিৎসায় ব্যবহারযোগ্য গাঁজা বিক্রির লাইসেন্স পাওয়ার যোগ্য নয়। বিস্তারিত তথ্যের জন্য cannabis.ny.gov/licensing দেখুন।



NYC-র অর্থ বিভাগ এর গোয়েন্দা এবং ডেপুটি শেরিফরা তামাক কর প্রদান করা হয়েছে কিনা নিশ্চিত করতে নিয়মিতভাবে ব্যবসা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করেন। ছদ্মপরিচয়ে DCWP অফিসার এবং পরিদর্শকরা ব্যবসা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে এটি নিশ্চিত করতে যে তারা NYC এবং NYS তামাক আইন অনুসরণ করেছে। পরিদর্শনের সময় ব্যবহৃত চেকলিস্টসমূহ দেখতে, nyc.gov/dcwp ভিজিট করুন এবং "tobacco laws" (তামাক আইন) লিখে অনুসন্ধান করুন।